# ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলাপমেন্ট

গ্রামঃ বটতলী, ডাকঘরঃ ফতেয়াবাদ, থানাঃ হাটহাজারী, জেলাঃ চট্টগ্রাম।

সূত্র ঃ ইচৌমোমফা/শিক্ষাবৃত্তি-২০২৬/২০২৫(১৯) তারিখ ঃ ০৪/০৮/২০২৫

প্রাপক,
রেজিস্ট্রার,
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল।

DR (ACA)
১৭/৮/২৫

মহোদয়/মহোদয়া,

আপনারা অবগত আছেন যে, **"ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলোপমেন্ট"** একটি মানব সম্পদ উন্নয়ন সেবামূলক প্রতিষ্ঠান। এটি বিগত ২২ শে জানুয়ারী, ২০০৭ ইং সালে নিবন্ধিত হয়েছে এবং সমস্ত প্রারম্ভিক কার্যক্রম সম্পন্ন করে ২৪ শে মার্চ, ২০০৭ ইং থেকে যাত্রা শুরু করেছে। প্রতিবছর সরকার অথবা সরকারি প্রতিষ্ঠান কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে **বিজ্ঞান ও প্রযুক্তি, প্রকৌশল, চিকিৎসা, বাণিজ্য, অর্থনীতি বিষয়ে অধ্যয়নরত চট্টগ্রাম জেলার অর্ন্তগত শুধুমাত্র হাটহাজারী উপজেলার স্থায়ী অধিবাসীদের মধ্যে মেধাবী ছাত্র/ছাত্রী** যারা আর্থিক সীমাবদ্ধতার কারণে শিক্ষা কার্যক্রম চালিয়ে যেতে অসমর্থ এবং যাদের আর্থিক সাহায্যের প্রয়োজন আছে এমন শিক্ষার্থীদের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন পর্যন্ত মাসিক শিক্ষাবৃত্তি এবং বার্ষিক এককালীন অনুদান কার্যকর করে। বার্ষিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বৃত্তির ধারাবাহিকতা অক্ষুন্ন রাখা হয়। পাশাপাশি অতিরিক্ত সাহায্য হিসাবে নতুন শিক্ষা বছরের শুরুতে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি ও শিক্ষা উপকরণ সংগ্রহ ইত্যাদি খরচ নির্বাহে এককালীন একটি আলাদা অনুদান প্রদান করা হয়। বিগত বছর সমূহে এই প্রতিষ্ঠান প্রায় ৪১০ জন ছাত্র/ছাত্রীকে শিক্ষা বৃত্তি প্রদান করেছে। এরই ধারাবাহিকতায়, বাংলাদেশ সরকার অথবা সরকারি প্রতিষ্ঠান কর্তৃক স্থাপিত এবং পরিচালিত পাবলিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্নাতক সম্মান (অনার্স) এবং স্নাতকোত্তর (মাস্টার্স) পর্যায়ে অধ্যয়নরত শুধুমাত্র চট্টগ্রামের হাটহাজারী উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে ১৫ই সেপ্টেম্বর ২০২৫ ইং এর মধ্যে ২০২৬ ইং শিক্ষাবর্ষের জন্য ফাউন্ডেশনের অফিসে প্রাপ্ত নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় তথ্যাদিসহ শিক্ষাবৃত্তির জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

এ সংক্রান্ত একটি নোটিশ আপনাদের প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে ও প্রতি বিভাগের নোটিশ বোর্ডে প্রতিস্থাপনের মাধ্যমে প্রচারের জন্য এবং সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের অবগতির জন্য এই পত্রের সঙ্গে প্রেরণ করা হল। এ ব্যাপারে আপনার/ আপনাদের আন্তরিক সহযোগীতা বিশেষ ভাবে কামনা করছি।

**রেজিস্ট্রার-এর কার্যালয়**
মাভাবিপ্রবি

সূত্রঃ মাভাবিপ্রবি/রেজি-একা/বিবিধ(০১৭)/২০০৯/ ১৬০৩ (২২) তারিখ : ০৩ ভদ্র ১৪৩২ / ১৮ আগস্ট ২০২৫

ইঞ্জিনিয়ার চৌধুরী মোহাম্মদ মহসীন ফাউন্ডেশন ফর হিউম্যান রিসোর্সেস ডেভেলাপমেন্ট, গ্রাম-বটতলী, ডাক-ফতেয়াবাদ, উপজেলা-হাটহাজারী, জেলা-চট্টগ্রাম -এর ০৪/০৮/২০২৫ তারিখের ইচৌমোমফা/শিক্ষাবৃত্তি-২০২৬/২০২৫(১৯) নং সূত্রোক্ত পত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

(ড. মোহাঃ তৌহিদুল ইসলাম)
রেজিস্ট্রার
মাভাবিপ্রবি।

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। চেয়ারম্যান,সিএসই/আইসিটি/টিই/এমই/ইএসআরএম/সিপিএস/বিজিই/এফটিএনএস/ফার্মেসি/বিএমবি/বিপিটিআর/বিএ/গণিত/রসায়ন/পদার্থবিজ্ঞান/পরিসংখ্যান/হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/অর্থনীতি/ইংরেজি বিভাগ, মাভাবিপ্রবি।
০৩। পরিচালক (আইসিটি সেল) [ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ], মাভাবিপ্রবি।
০৪। নথি।